

১৫ জানুয়ারী ইবি শিক্ষক সমিতির নির্বাচন

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা :
ইসলামী বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির
কার্যনির্বাহী পরিষদ ২০০৩ সালের নির্বাচন
আগামী ১৫ জানুয়ারী অনুষ্ঠিত হবে। গত
২৪ ডিসেম্বর মঙ্গলবার শিক্ষক সমিতির
কার্যনির্বাহী পরিষদের এক সভায় উক্ত তারিখ
ঘোষণা করা হয়। সভায় নির্বাচন পরিচালনার
জন্য রিটার্নিং অফিসার ও ফুটনিয়ার হিসেবে
সমাজবিজ্ঞান অনুষদের ডীন ডঃ আব্দুল ম
মুন্সের রহমান, বাংলা বিভাগের সহযোগী
অধ্যাপক ডঃ হাবিবুর রহমান ও দাওয়াহ
বিভাগের সহযোগী অধ্যাপক ডঃ মুহাম্মদ
সোলায়মানকে নিয়োগ প্রদান কল্পে হয়।
শিক্ষক সমিতির ঊর্ধ্বতন অনুযায়ী ১৫
জানুয়ারী নির্বাচনের যাবতীয় কার্যাবলী
সম্পাদনের জন্য শিক্ষক সমিতির কার্যনির্বাহী
কমিটি নির্বাচন কমিশনকে অনুরোধ জানায়।

শিক্ষা সপ্তাহ পালন

বিভিন্ন কর্মসূচীর মধ্য দিয়ে ইসলামী
বিশ্ববিদ্যালয়ে জাতীয় শিক্ষা সপ্তাহ ২০০৩
পালিত হয়েছে। শিক্ষা সপ্তাহের শেষ দিনে
গত মঙ্গলবার ক্যাম্পাসে স্মাগী, আলোচনা
সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠানের আয়োজন
করা হয়। শাহ আফিজুর রহমান
মিলনায়তনে রেজিস্ট্রার ডঃ মসলেমউদ্দীনের
সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন
টেক্সটার প্রফেসর ডঃ মোশাররাফ হোসেন।
এছাড়া বিভিন্ন অনুষদের ডীনবৃন্দ আলোচনা
করেন।